

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা

১ম বিশেষ প্রস্তুতিমূলক অ্যাসাইনমেন্ট- ২০২১

শ্রেণি: দশম

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়: ৩.০০ ঘণ্টা

পূর্ণমান: ১০০

রচনামূলক প্রশ্ন : ৭০

১। অনুচ্ছেদটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

সোহেলের বিশ্বাস মানুষের জন্ম-মৃত্যু একটি প্রাকৃতিক নিয়ম। তাই সে দায়িত্বশীল জীবনযাপন না করে মনগড়া জীবন অতিবাহিত করে। এতে তার বড় ভাই করিম তাকে বললেন, বিশ্বাস ও কর্মের সংশোধন করে ইসলামের অনুশাসন মেনে চলো। তা না হলে আখিরাতে কঠিন পরিণতির সম্মুখীন হতে হবে।

ক) ইমানের বিপরীত কী? ১

খ) তাওহীদের মূলকথা কী? বুঝিয়ে লেখো। ২

গ) জন্ম ও মৃত্যু সম্পর্কে সোহেলের ধারণাটি কীরূপ? ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ) আখিরাতে বিশ্বাস মানুষকে সৎকর্মশীল ও নৈতিক জীবন-যাপনে উদ্বুদ্ধ করে-কলিমের বক্তব্যের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। জাহিদ এবং জাকির দুই বন্ধু। জাহিদ সাহেব বলেন, “আল্লাহ সঠিক পথ প্রদর্শনের জন্য যুগে যুগে নবি-রাসুল প্রেরণ করেছেন। আর কোনো নবি আসবেন না।” কিন্তু জাকির সাহেব বলেন, “মানুষ হিসেবে আমরা কিয়ামত পর্যন্ত বেঁচে থাকবো। যদি প্রয়োজন মনে হয় এ পর্যন্ত নবি-রাসুল আসতে পারে। জাহিদ সাহেব এর জবাবে বলেন, “তোমার ধারণা ঠিক নয়। নবি-রাসুল আগমনের ধারা বন্ধ হয়ে গেছে।”

ক) রিসালাত কী? ১

খ) রিসালাতে বিশ্বাস করা জরুরি কেন? ২

গ) খতমে নবুয়তের প্রতি জাকির সাহেবের দৃষ্টিভঙ্গিতে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) জাহিদ সাহেবের বক্তব্যের পক্ষে অবস্থানের যৌক্তিক কারণ বিশ্লেষণ করো। ৪

৩। ফরিদ ও সেলিম দুই বন্ধু। তারা উভয়ে একটি দর্শনীয় স্থানে বেড়াতে গেল। ফরিদ সেখানে মাটির তৈরি মূর্তি ও পাথরের কারুকর্মের সৌন্দর্যে মুগ্ধ হয়ে সিজদাহ করার মত মাথা নত করে সম্মান প্রদর্শন করে। এরপর উভয়ে কেবিনে নাস্তা করার এক পর্যায়ে ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে। সেলিম মতামত প্রকাশ করতে গিয়ে বলেন নবি-রাসুলগণের আগমনের ধারাবাহিকতা অব্যাহত থাকাই যুক্তিযুক্ত।

ক) ইসলাম এর ব্যবহারিক অর্থ কী? ১

খ) আখিরাতে বিশ্বাস করা অপরিহার্য কেন? ব্যাখ্যা করো। ২

গ) ফরিদের আচরণে যে বিষয়টি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ) নবি-রাসুলগণের আগমন বিষয়ে সেলিমের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৪। আইমান সাহেবকে তার গ্রামের সবাই ভালো মানুষ হিসেবে জানেন। কেননা তিনি মানুষের নানা বিপদে-আপদে সর্বদা পাশে থাকেন। তবে সালাত ও সাওম পালনে তিনি বেশ উদাসীন। একদিন মসজিদের ইমাম সাহেব তাকে বললেন, আপনার দুনিয়া ও আখিরাতে ভীষণ সুখময় হতো যদি আপনি সমাজসেবার পাশাপাশি আল্লার হক ঠিকমতো আদায় করতেন।

ক) ইবাদ শব্দের অর্থ কী? ১

খ) ইবাদতের মূল উদ্দেশ্য বুঝিয়ে লেখো। ২

গ) আইমান সাহেবের কাজগুলোকে ইসলামের পরিভাষায় কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ) ইমাম সাহেবের মন্তব্যের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৫। জনাব আতিক ও রফিক দুজন ইমানদার প্রতিবেশী। তারা উভয়েই ইসলামের বিধান মেনে চলার পাশাপাশি জনকল্যাণমূলক কাজে সময় ব্যয় করেন। আতিক গত বর্ষার মৌসমে রাস্তার দুপাশে এক হাজার ফলজ ও বনজ গাছ রোপণ করেন। অপরপক্ষে রফিক সাহেব ভেজাল পরিহার করে ন্যায্যমূল্যে জিনিপত্র বিক্রি করলে ক্রেতাগণ তার বিক্রয় কেন্দ্রে ভীর্ণ জমায়েত।

ক) ইজমা অর্থ কী? ১

খ) হযরত আবু বকর সিদ্দিক (রা) কে ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন? ২

গ) জনাব আতিকের কাজটি কীরূপ? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ) জনাব রফিকের পদক্ষেপটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

- ৬। চেয়ারম্যান সাহেব তার এক একর জমিতে ফলজ ও বনজ বৃক্ষ রোপণ করে ইউনিয়নের নামে ওয়াকফ করে দেন। অপর দিকে তার এক মেম্বার বলেন এভাবে সম্পদ দান করা ঠিক নয়। ভবিষ্যতের জন্য সম্পদ সঞ্চয় করে রাখা উচিত।
- ক) হাদিসশাস্ত্রে মতন কী? ১
- খ) কাওলি হাদিস কাকে বলে? ২
- গ) ইউনিয়ন পরিষদের মেম্বারের মনোভাবের পরিণতি তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
- ঘ) চেয়ারম্যান সাহেবে কর্মকাণ্ডের ইহকাল ও পরকালীন প্রাপ্তি নিরূপণ করো। ৪
- ৭। মিসেস ফারজানা বছরান্তে তার অলংকারের বাজারমূল্য হিসেবে করে তার একটি অংশ দুজন অসহায় গরিব মানুষের মধ্যে বিতরণ করেন। অপরদিকে তার সহকর্মী মিসেস রোকসানা অর্থের মালিক হওয়ায় গত বছর শারীরিক ও আর্থিক উভয়ের সংমিশ্রণে একটি ইবাদত পালন করেন। সেখানে তার সঙ্গে নাইজেরিয়ার মিসেস আমিনার সাথে পরিচয় হয়। দেশে এসে তার সাথে মাঝে মধ্যে টেলিফোনে যোগাযোগ হয়। মিসেস আমিনা গত ঈদ-উল আযাহায় এসএমএস-এর মাধ্যমে মিসেস রোকসানাকে ঈদের শুভেচ্ছা জানিয়েছেন।
- ক) হাক্কুল ইবাদত কী? ১
- খ) প্রত্যেক মুসলিমের ওপর জ্ঞান অর্জন অত্যাৱশ্যক কেন? ২
- গ) মিসেস ফারজানা কার হকটি পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ) মিসেস রোকসানার ইবাদতটি চিহ্নিতপূর্বক এর সামাজিক শিক্ষা বিশ্লেষণ করো। ৪

সংক্ষেপে উত্তর দাও প্রতি প্রশ্নের মান-১

১. ইসলামের ব্যবহারিক অর্থ কী?
২. শাফাআত কী?
৩. কোন শব্দের অর্থ দাড়িপাল্লা?
৪. আল-বোরহান অর্থ কী?
৫. ইসলামের মূল ভিত্তি কী?
৬. ইসলামের পরিভাষায় নিফাক কী?
৭. তাকদীর শব্দের অর্থ কী?

৮. পরিচ্ছতা কী?
৯. “লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়” এটি কার বাণী?
১০. আমানত কাকে বলে?
১১. আকিদা শব্দের অর্থ কী?
১২. আল কোরআনকে আল কোরআন বলা হয় কেন?
১৩. মানবসেবা কোন ইবাদতের অন্তর্ভুক্ত?
১৪. মুনাফিক কারা? পরিচয় দাও।
১৫. আসমানী কিতাব বলতে কী বুঝায়?
১৬. কে সর্ব প্রথম নারীদের সম্পত্তিতে অংশীদার করেছেন?
১৭. সাম্প্রদায়িক সম্প্রীতি কী?
১৮. পৃথিবীর ইতিহাসে সর্বশ্রেষ্ঠ মানব কে?
১৯. আরবি সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদের নাম কী?
২০. হযরত মুহাম্মদ (স) কত বছর গোপনে ইসলামের দাওয়াত দেন?
২১. মানব ইতিহাসে সর্বপ্রথম লিখিত সংবিধান কোনটি?
২২. তৎকালীন আরবের শ্রেষ্ঠ ধনী কে ছিলেন?
২৩. কামুস দুর্গ কোথায় অবস্থিত?
২৪. আত্মশুদ্ধি কী?
২৫. ইসলামের প্রথম খলিফার নাম কী?
২৬. আশ-শামস অর্থ কী?
২৭. সনদ কাকে বলে?
২৮. হজ্জের ওয়াজিব কয়টি?
২৯. নামাজ কী শব্দ?
৩০. ইবাদত কাকে বলে?